# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**20 MARCH 2025** **7:45—7:55 PM IST**

**================================================================**

আজকের বিশেষ বিশেষ খবর হল--

---

(১) জাতীয় স্বাস্থ্য মিশনে কর্মরত নার্সদের বয়সের উর্দ্ধসীমার ব্যবস্থা বাতিল করার বিষয়ে আসাম মন্ত্রীসভার সিদ্ধান্ত/

(২) আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের আওতাধীন উচ্চতর মাধ্যমিক প্রথম বর্ষের আগামীকালের অঙ্ক পরীক্ষা স্থগিত/

(৩) বন্যা প্রতিরোধে স্বল্পমেয়াদি পদক্ষেপের পাশাপাশি সরকার দীর্ঘমেয়াদি পরিকাঠামো উন্নয়নের পরিকল্পনা বাস্তবায়নে অঙ্গীকারবদ্ধ বলে রাজ্যের মন্ত্রী কৌশিক রাইয়ের প্রকাশ/

এবং

(৪) আসাম লোকসেবা আয়োগ- এ পি এস সি, আসাম বিদ্যুৎ বিতরণ কোম্পানি লিমিটেড- এ পি ডি সি এল'এর সহকারী হিসাব নিরীক্ষক পদে নিয়োগের জন্য ও এম আর এবং লিখিত পরীক্ষার মাধ্যমে স্ক্রিনিং টেস্ট কাছাড় জেলায় হচ্ছে আগামী ২৩শে মার্চ/

---

জাতীয় স্বাস্থ্য মিশনে কর্মরত নার্সদের বয়সের উর্দ্ধসীমার ব্যবস্থা বাতিল করার বিষয়ে আসাম মন্ত্রীসভায় আজ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার

পৌরহিত্যে আজ ডিব্রুগড়ে অনুষ্ঠিত আসাম মন্ত্রীসভার বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় । এছাড়া নামরূপের ইউরিয়া প্রকল্পে আসাম সরকারের অংশীদারীত্ব ৪০ শতাংশ করার ক্ষেত্রেও রাজ্য মন্ত্রীসভায় অনুমোদন জানানো হয় । আগামী সেপ্টেম্বর-অক্টোবর মাসে এই প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপনের সময়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে আমন্ত্রণ জানানোর ব্যাপারেও মন্ত্রীসভায় সিদ্ধান্ত নেওয়া হয় । এদিকে এবারের বাজেটে প্রস্তাব করা ডঃ ভূপেন হাজারিকা আঞ্চলিক সরকারী চলচ্চিত্র ও টেলিভিশন প্রতিষ্ঠানটিকে ডিগ্রী স্তরের প্রতিষ্ঠানে উন্নীত করার প্রস্তাবেও অনুমোদন জানানো হয় । মন্ত্রীসভার বৈঠকের পর সাংবাদিকদের মুখ্যমন্ত্রী এই সিদ্ধান্ত সমূহের কথা জানিয়েছেন ।

---

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের অধীন উচ্চতর মধ্যমিক প্রথম বর্ষের আগামীকাল অনুষ্ঠেয় অংক পরীক্ষা অনিবার্য কারণবশত পিছিয়ে দেওয়া হয়েছে । পরিষদের দ্বিতীয় মন্ডলের পরীক্ষা নিয়ন্ত্রক এই তথ্য জানিয়ে বলেছেন যে গণিত পরীক্ষার পরবর্তী তারিখ পরে ঘোষণা করা হবে । পরিষদের পরীক্ষা নিয়ন্ত্রক রঞ্জন কুমার দাস আমাদের বিশেষ সংবাদদাতাকে জানিয়েছেন যে গণিত পরীক্ষার প্রশ্নপত্র ফাস হওয়ার খবর পাওয়ার পরিপ্রেক্ষিতে পরিষদ জরুরীকালীন ভিত্তিতে এই সিদ্ধান্ত গ্রহণ করেছে । রাজ্যের সব পরীক্ষা কেন্দ্রের প্রধান তথা ভারপ্রাপ্ত শিক্ষকদের আজকের মধ্যেই পূর্বে প্রেরণ করা গণিত পরীক্ষার প্রশ্নপত্র নিজ নিজ এলাকার মূল কেন্দ্রে জমা দেওয়ার নির্দেশ প্রদান করা হয়েছে ।

---

প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় নিম্ন এবং উচ্চ প্রাথমিকের ৫ হাজার ৫শো ৫০টি শিক্ষক পদের জন্য আজ থেকে ১১ এপ্রিল পর্যন্ত নথিপত্র পরীক্ষা করার কাজ শুরু করেছে । সঞ্চালকালয়ের জারী করা এক বিজ্ঞপ্তি অনুসারে খানাপারার অসম কৃষি বিশ্ববিদ্যালয়ের অতিথিশালায় আজ থেকে আগামী ২৯ মার্চ পর্যন্ত প্রথম পর্যায়ে এবং পয়লা এপ্রিল থেকে আগামী ১১ই এপ্রিল পর্যন্ত দ্বিতীয় পর্যায়ে নথিপত্র পরীক্ষার কাজ করা হবে । নথি পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত ৪ হাজার ২শো জন প্রার্থীর নাম প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ের ওয়েবসাইট www.dee.assam.gov.in - এ আপলিড করা হয়েছে । পরীক্ষার সময় প্রার্থীদের মূল নথি সঙ্গে করে নিয়ে যেতে হবে । উল্লেখ্য যে প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় ২০২৩ সালের ডিসেম্বর মাসে নিম্ন এবং উচ্চ প্রাথমিকের এই ৫ হাজার ৫শো ৫০টি শিক্ষক পদের জন্য বিজ্ঞাপন প্রকাশ করেছিল ।

---

কেন্দ্রীয় সরকার কৃষকদের কল্যাণে প্রতিশ্রুতিবদ্ধ এবং এই ক্ষেত্রে সরকার ২০১৪ সাল থেকেই বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করে আসছে । কৃষি এবং কৃষক কল্যাণ বিভাগের প্রতিমন্ত্রী ভগিরথ চৌধুরী আজ সংসদের বাইরে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় এ কথা বলেন । তিনি বলেন যে সরকার প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি বাস্তবায়নের মাধ্যমে ধান সহ বিভিন্ন শষ্যের নুন্যতম সমর্থন মূল্য বৃদ্ধি করেছে । পাঞ্জাব সরকার প্রতিবাদ স্থল থেকে কৃষকদের স্থানান্তর করেছে বলে শ্রী চৌধুরী কংগ্রেস এবং আম আদমী পার্টীর সমালোচনা করেন । এদিকে কেন্দ্রীয় সরকার কৃষকদের প্রতিবাদ স্থল ছাড়তে বাধ্য করেছে বলে বিরোধী দলগুলি অভিযোগ করেছে । এর আগে কংগ্রেস দলের সদস্যরা আজ লোকসভায় কৃষকদের ন্যায় প্রদানের দাবী উত্থাপন করে এই ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের গৃহিত নীতির বিরোধীতা করে ।

-------------------------------------------------------------------------------------

বন্যা প্রতিরোধে স্বল্পমেয়াদি পদক্ষেপের পাশাপাশি সরকার দীর্ঘমেয়াদি পরিকাঠামো উন্নয়নের পরিকল্পনা বাস্তবায়নে অঙ্গীকারবদ্ধ বলে রাজ্যের মন্ত্রী কৌশিক রাই জানিয়েছেন । কাছাড় জেলায় আসন্ন বর্ষার মরশুমের আগে সম্ভাব্য বন্যা প্রতিরোধ এবং পরিকাঠামো উন্নয়নের প্রস্তুতি আরও জোরদার করতে আজ শিলচরে অনুষ্ঠিত এক উচ্চপর্যায়ের পর্যালোচনা সভায় রাজ্যের খাদ্য, গণবন্টন ও গ্রাহক পরিক্রমা, খনি ও খনিজ এবং বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই একথা বলেছেন । কাছাড়ের জেলা আয়ুক্তের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এই বৈঠকে মন্ত্রী শ্রী রাই দ্রুত ও সমন্বিত পরিকল্পনার গুরুত্ব তুলে ধরে বলেন যে- জেলায় বন্যার ক্ষয়ক্ষতি হ্রাস করার জন্য আগে থেকেই সবরকমের প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে । তিনি সংশ্লিষ্ট দপ্তরগুলিকে একযোগে কাজ করার নির্দেশ দেন । বিশেষ করে বাঁধ মেরামত, নিকাশি ব্যবস্থার উন্নতি এবং জমা জল নিষ্কাশনের জন্য স্লুইস গেটগুলিকে কর্মক্ষম করে তোলার উপর তিনি গুরুত্ব আরোপ করেছেন । আজকের সভায় বন্যা প্রতিরোধ ব্যবস্থার পাশাপাশি কাছাড়ের পরিকাঠামো উন্নয়ন সংক্রান্ত বিভিন্ন সমস্যা নিয়েও আলোচনা করা হয় । সোনাই রোডের জমা জল সমস্যার নিরসন, শিলচর শহরের নিকাশি ব্যবস্থার সংস্কার এবং স্লুইস গেটগুলিকে কর্মক্ষম করা সহ প্রয়োজন সাপেক্ষে এসব পুর্ননির্মাণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে শ্রী রাই সংশ্লিষ্ট বিভাগের আধিকারিকদের নির্দেশ দেন । এছাড়া কাছাড় জেলার গুরুত্বপূর্ণ পরিকাঠামো প্রকল্প, বিশেষ করে কাটিগড়ার গ্যামন সেতু, আসামমালা প্রকল্পের অধীনে বড়খলা থেকে কালাইন পর্যন্ত সড়ক নির্মাণ, ভারতমালা প্রকল্পের তিনটি গুরুত্বপূর্ণ সড়ক উন্নয়ন প্রকল্পের বিষয়ে বিস্তারিত আলোচনা করেছেন । মন্ত্রী শ্রী রাই সংশ্লিষ্ট আধিকারিকদের

এই অঞ্চলের আর্থ-সামাজিক বিকাশের গতি ত্বরান্বিত করার লক্ষ্যে আটকে থাকা কাজগুলি দ্রুত সম্পন্ন করার নির্দেশ দেন । আজকের এই বৈঠকে উধারবন্দের বিধায়ক মিহির কান্তি সোম, জেলা আয়ুক্ত মৃদুল যাদব, সোনাই রোড উন্নয়ন সংস্থার প্রতিনিধিরা সহ বিভিন্ন বিভাগের উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

---

আসাম লোকসেবা আয়োগ- এ পি এস সি, আসাম বিদ্যুৎ বিতরণ কোম্পানি লিমিটেড- এ পি ডি সি এল'এর সহকারী হিসাব নিরীক্ষক পদে নিয়োগের জন্য ও এম আর এবং লিখিত পরীক্ষার মাধ্যমে স্ক্রিনিং টেস্ট কাছাড় জেলায় আগামী ২৩শে মার্চ- রবিবার আয়োজন করেছে । এই পরীক্ষা স্বচ্ছ ও সুষ্ঠুভাবে আয়োজন করতে কাছাড়ের জেলা প্রশাসনের পক্ষ থেকে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে । শিলচরের গুরুচরণ কলেজ, কাছাড় কলেজ এবং সরকারি উচ্চতর বহুমুখী বালিকা বিদ্যালয় সহ বিভিন্ন কেন্দ্রে এই পরীক্ষা অনুষ্ঠিত হবে । দুটি শিফটে আয়োজন করা এই পরীক্ষায় মোট পরীক্ষার্থীর সংখ্যা হচ্ছে- এক হাজার ৫৮০ । সকাল ন'টা থেকে বেলা বারোটা এবং দুপুর দেড়টা থেকে বিকেল সাড়ে চারটা, এই দুটি শিফটে পরীক্ষা অনুষ্ঠিত হবে । এই পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনা করার উদ্দেশ্যে কাছাড়ের জেলা ম্যাজিস্ট্রেট মৃদুল যাদব আইনের সংশ্লিষ্ট ধারা অনুযায়ী বিশেষ নির্দেশ জারি করেছেন । এই নির্দেশ অনুযায়ী পরীক্ষা কেন্দ্রগুলির একশো মিটার ব্যাসার্ধের মধ্যে সবধরণের জমায়েত নিষিদ্ধ করা হয়েছে । এছাড়া পরীক্ষার হলে মোবাইল ফোন, ইলেকট্রনিক গ্যাজেট, স্মার্ট ওয়াচ, হেল্‌থ ব্যান্ড, ব্লুটুথ ডিভাইস, মাইক্রোফোন, ক্যালকুলেটর, পেনড্রাইভ, পাঠ্যসামগ্রী সহ অন্যান্য নিষিদ্ধ সামগ্রী নিয়ে যাওয়ার ক্ষেত্রে নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে । কিছু অসাধু চক্র পরীক্ষার পরিবেশ বিঘ্নিত করার প্রয়াস করতে পারে, বা আইন শৃঙ্খলা জনিত সমস্যার সৃষ্টি হতে পারে আশঙ্কা করে কাছাড়ের জেলা প্রশাসন এই নির্দেশ অমান্যকারীদের বিরুদ্ধে আইনানুগ কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে জানিয়েছে ।

---

আগামী দোসরা এপ্রিল অনুষ্ঠেয় রাভা-হাসং স্বায়ত্বশাসিত পরিষদের নির্বাচনে ৩৩টি আসনের জন্য মোট ৯৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবেন । এই নির্বাচনী এলাকার দুটি জেলা কামরূপ এবং গোয়ালপারার ৩৬টি আসনের জন্য মোট ১শো ৭ জন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছিলেন । এরমধ্যে , ৩ জন প্রার্থী ইতিমধ্যেই বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়লাভ করেছেন । কামরূপ জেলার অধীন সাসিম আসন থেকে রাভা-হাসং যৌথ সংগ্রাম সমিতির প্রার্থী সোনারাম রাভা এবং খালিহাকোটা আসন থেকে নগরমল স্বর্গীয়ারী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হয়েছেন । গোয়ালপারা জেলার ২০টি

আসনের জন্য মনোনয়নপত্র দাখিল করা ৫৫ জন প্রার্থীর মধ্যে জয়রামকুচি আসনের প্রার্থী প্রেমাজুলি রাভাও বিনাপ্রতিদ্বন্দিতায় জয়ী হয়েছেন । পরিষদের এই নির্বাচনে রাভা-হাসং যৌথ সংগ্রাম সমিতি ৩০টি এবং ভারতীয় জনতা পার্টী ৬টি আসনে প্রার্থী দিয়েছে ।

আগামী দোসরা এপ্রিল সকাল ৭টা থেকে বিকেল ৩টা পর্যন্ত ভোট গ্রহণ করা হবে । চৌঠা এপ্রিল ভোট গণনা করা হবে এবং ওই দিনই ফল ঘোষণা করা হবে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা স্বাস্থ্য সমিতির উদ্যোগে বিশ্ব মুখ স্বাস্থ্য দিবস উপলক্ষ্যে আজ একটি সচেতনতা র‍্যালীর আয়োজন করা হয়েছে । জেলার অতিরিক্ত মুখ্য চিকিৎসা ও স্বাস্থ্য আধিকারিক ডক্টর মতীন্দ্র সূত্রধর ও করিমগঞ্জ সিভিল হাসপাতালের সুপার ডক্টর লিপি দেব যৌথভাবে এই র‍্যালীর উদ্বোধন করেন । র‍্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে সিভিল হাসপাতালে এসে শেষ হয় । পরে আয়োজিত আলোচনা সভায় মুখ ও দাঁতের যত্ন নিয়ে জেলা নোডাল আধিকারিক ডক্টর এ এস তাপাদার , ডক্টর মৌটুসী চক্রবর্তী প্রমূখ বক্তব্য রাখেন । উল্লেখ্য এবছর বিশ্ব মুখ স্বাস্থ্য দিবসের ভাবনা হচ্ছে- সুখী মুখ মানেই, সুস্থ শরীর ।

---------------------------------------------------------------------------------------

অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের আসাম রাজ্য কমিটির উদ্যোগে এবং রাষ্ট্রীয় কলা মঞ্চের সহযোগিতায় আগামী ৩০শে মার্চ থেকে শিলচরে বরাক সাংস্কৃতিক মহোৎসব শুরু হচ্ছে । আগামী ১৮ই  এপ্রিল পর্যন্ত এই মহোৎসব চলবে । মহোৎসবে বরাক উপত্যকার ১১০টি শিক্ষা প্রতিষ্ঠানের ১০ হাজার ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করবে । আজ শিলচর প্রেস ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে ছাত্র সংগঠনটির রাজ্য যুগ্ম সম্পাদক রোহিত চন্দ  জানান যে ২৫ দিনের এই মহোৎসব তিনটি পর্যায়ে অনুষ্ঠিত হবে । শহর স্তরের প্রতিযোগীতা শুরু হবে ৩০শে মার্চ থেকে এবং চলবে ৭ই এপ্রিল পর্যন্ত । এই অনুষ্ঠান বরাক উপত্যকার ২৭টি স্থানে আয়োজিত হবে । এরপর জেলা স্তরের প্রতিযোগীতা ৮ এপ্রিল থেকে  ১০ই এপ্রিল পর্যন্ত অনুষ্ঠিত হবে । অন্তিম পর্যায়ে আগামী ১৮ই এপ্রিল ফাইনাল অনুষ্ঠিত হবে । মহোৎসবে মোট ৮টি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে । এগুলি হচ্ছে-রবীন্দ্র সঙ্গীত , নজরুল গীতি , লোক সঙ্গীত , ধামাইল নৃত্য , ঝুমুর নৃত্য ,রাস নৃত্য ও আল্পনা প্রতিযোগীতা । মহোৎসবের ফাইনালে মুখ্য অতিথি হিসেবে বিশিষ্ট অভিনেতা মিঠুন চক্রবর্তী উপস্থিত থাকবেন বলে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------